৭৩

দৈনিক বাংলা

তারিখ ... 20 JUL 1989 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৭/



প্রেসিডেন্ট এরশাদ বুধবার তাঁর অফিসে জনাব এ বি এম রুহুল আমিন হাওলাদার, জনাব এইচ এম এ গাফফার এবং জনাব মোহম্মদ নাজিউর রহমানকে ক্যাবিনেট মন্ত্রী হিসাবে নিযুক্তির পর শপথ বাক্য পাঠ করান

## নাজিউর রহমান গাফফার রুহুল আমীন ক্যাবিনেট মন্ত্রী

# মন্ত্রিসভায় পরিবর্তন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বুধবার এ বি এম রুহুল আমিন হাওলাদার, এইচ এম এ গাফফার ও মোহাম্মদ নাজিউর রহমানকে কেবিনেট মন্ত্রী নিয়োগ করেছেন।

প্রেসিডেন্ট পাঁচজন প্রতিমন্ত্রীও নিয়োগ করেছেন। এ'রা হলেন যথাক্রমে ফারুক রশীদ চৌধুরী, মোহাম্মদ নুরুন্নবী চাঁদ, নিতাই চৌধুরী, মোহাম্মদ কোরবান আলী, মোহাম্মদ আবদুল মোমিন মন্ডল।

প্রেসিডেন্ট তাঁর দফতরে এক অনাড়ম্বর অনুষ্ঠানে নবনিযুক্ত মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের শপথ গ্রহণ পরিচালনা করেন।

নবনিযুক্ত মন্ত্রীদের যারা আগে প্রতিমন্ত্রীর পদে ছিলেন তাঁদের নিম্নলিখিত দফতরের দায়িত্ব দেয়া হয়েছে : এ বি এম রুহুল আমিন হাওলাদার—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, এইচ এম এ গাফফার—বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় এবং জনাব নাজিউর রহমানকে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়ের দায়িত্ব দেয়া হয়েছে।

প্রেসিডেন্ট কয়েকজন মন্ত্রীর দফতর পুনর্বন্টন করেছেন।

এ কে এম মাঈদুল ইসলামকে নবগঠিত বন মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়েছে, মাহবুবুর রহমানকে পাট মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়েছে, এ বি এম গোলাম মোস্তফাকে সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছেন এবং জিয়াউদ্দীন আহমদকে জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণা-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)



প্রেসিডেন্ট এরশাদ বুধবার তাঁর অফিসে নবনিযুক্ত পাঁচজন প্রতি মন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান। প্রতিমন্ত্রীরা হচ্ছেন জনাব ফারুক রশিদ চৌধুরী, জনাব মোহাম্মদ নুরুন্নবী চাঁদ, মিঃ নিতাই রায় চৌধুরী, জনাব মোহাম্মদ কোরবান আলী এবং জনাব আবদুল মোমিন মন্ডল

## মন্ত্রিসভায় পরিবর্তন

(১-এর পৃঃ পর)

লয়ের দায়িত্ব দেয়া হয়েছে।

মামদুদুর রহমান চৌধুরী স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী হিসেবে তাঁর দায়িত্ব পালন করবেন। খবর বাসসর।

এক তথ্য বিবরণীতে বলা হয়, যুব ও ক্রীড়ামন্ত্রী জনাব এ বি এম রুহুল আমিন হাওলাদার নতুন দায়িত্ব লাভের পর বুধবার শেরে বাংলা এ কে ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মাজার জিয়ারত করেন ও ফাতেহা পাঠ করেন। তিনি উভয় নেতার মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন।